

# শিক্ষকদের বিদায়ি অনুষ্ঠানে ওমরাহ প্যাকেজ উপহার দিলেন শিক্ষার্থীরা

কুমিল্লা প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

কুমিল্লার সদর দক্ষিণে শিক্ষকদের বিদায়ী অনুষ্ঠানে স্মারক উপহার হিসেবে ওমরাহ হজের প্যাকেজ দিয়েছেন সাবেক শিক্ষার্থীরা। এই অনুষ্ঠানের ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টের পর প্রশংসা কুড়াচ্ছেন তারা।

শনিবার (২৬ জুলাই) কুমিল্লার সদর দক্ষিণ উপজেলার গলিয়ারা উত্তর ইউনিয়নের কোমাল্লা মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত তিন শিক্ষক আমিন আহমেদ (বিএসসি, বিএড), এ কে এম মফিজুর রহমান (বিএসসি, বিএড), আবদুল মবিনের বিদায় অনুষ্ঠানে এই উপহার দেন সাবেক শিক্ষার্থীরা।

এমন উপহার পেয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন ওই তিন শিক্ষক।

এ সময় তাদের চোখে আনন্দাশ্রু ঝরতে দেখা গেছে।



## ঢাবিতে ‘প্রোডিজিস ৬.০’ বিজনেস পলিসি প্রতিযোগিতা অনুষ্ঠিত

অনুভূতি প্রকাশ করতে গিয়ে শিক্ষকরা বলেন, ‘আমরা শিক্ষক হিসেবে গর্ববোধ করছি। বাংলাদেশে কোথাও এমন সুন্দর ও ব্যতিক্রমী উদ্যোগ নেওয়া হয়েছে কি না, আমাদের তা জানা নেই। আমরা তাদের জন্য মন ভরে দোয়া করি, যারা যেন জীবনে সফল হয়।

,

বিদায় অনুষ্ঠানে সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের মুখে ছিল প্রিয় শিক্ষকদের স্মৃতিচারণা। কেউ বললেন, এই শিক্ষকদের হাত ধরেই তারা মানুষ হয়ে উঠেছেন, কেউ আবার কণ্ঠ রুদ্ধ করে স্মরণ করলেন শৈশবের নানা ঘটনা। সবার কণ্ঠে ছিল কৃতজ্ঞতা আর ভালোবাসার গভীরতা। অনেকে প্রিয় শিক্ষকদের বিদায়ে ঝরিয়েছেন অশ্রু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি, এন্ট্রাস্ট গ্রুপের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোহাম্মদ আক্তারুজ্জামান রিপন। তিনি বলেন, ‘এত সুন্দর আয়োজনের মাধ্যমে আমরা কিছুটা হলেও দায়মুক্ত হতে পেরেছি।’

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক সফিকুর রহমান খান। তিনি বলেন, এই আয়োজনের সাথে যারা জড়িত, তাদের ধন্যবাদ জানাই। শিক্ষার্থীদের ভালো ফলাফল করানোর জন্য আমরা চেষ্টা করি।

শিক্ষকদের পাশাপাশি শিক্ষার্থীদেরকেও চেষ্টা করতে হবে।

তাহলেই বিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ণ থাকবে।

অনুষ্ঠান শেষে ২০২৫ সালে কোমাল্লা মাধ্যমিক স্কুল থেকে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া কৃতি শিক্ষার্থীদের হাতে সংবর্ধনা তুলে দেওয়া হয়। এ সময় অনুষ্ঠানে বিদ্যালয়ের সাবেক-বর্তমান শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিতি ছিলেন।